



ঈদুল আজহার শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশবাসীসহ বিশ্বের মুসলিম উম্মাহকে আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (২৭ মে) দেওয়া এক শুভেচ্ছা বাণীতে তিনি এ শুভেচ্ছা জানান।

প্রধানমন্ত্রী বলেন, তাগ, আত্মশুদ্ধি ও তাকওয়ার মহান শিক্ষাকে ধারণ করেই প্রতি বছর মুসলিমদের জীবনে ফিরে আসে পবিত্র ঈদুল আজহা। এই উৎসব মানুষের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করে।

তিনি আরও বলেন, ঈদুল আজহার মূল শিক্ষা হলো মহান আল্লাহর প্রতি পূর্ণ আত্মসমর্পণ ও ত্যাগের মানসিকতা। হযরত ইব্রাহিম (আ.)-এর অনন্য আত্মত্যাগ ও অবিচল আনুগত্য মুসলিম উম্মাহর জন্য এক উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে।

বাণীতে প্রধানমন্ত্রী দেশ ও জাতির শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধি কামনা করেন। একই সঙ্গে বিশ্ব মুসলিমসহ সমগ্র মানবজাতির জন্য শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা কামনায় মহান আল্লাহর দরবারে দোয়া করেন তিনি।

তারেক রহমান বলেন, ঈদুল আজহার মহিমা সবার জীবনে শান্তি ও কল্যাণ বয়ে আনুক। মহান আল্লাহ যেন সবার কোরবানি ও ইবাদত কবুল করেন এবং দেশকে সুখী-সমৃদ্ধ করে তোলেন।